14

দৈনিক ইত্তেফাক

তারিখ ..23. FEB..1997 ... ...
পৃষ্ঠা ১ কলাম ৩.....

# শিক্ষা কর্মকর্তা সাসপেন্ড

যশোর অফিস ॥ দুর্নীতি ও আয়ের সহিত সঙ্গতিবিহীন সম্পদ অর্জনের অভিযোগে পিরোজপুরের জেলা শিক্ষা অফিসার নুরুল হুদাকে চাকুরী হইতে সাময়িকভাবে বরখাস্ত

(১৫শ পৃ: ১-এর ক: দ্র: )

## সাসপেণ্ড

( ১ম পৃ: পর)

করা হইয়াছে। শিক্ষামন্ত্রীর নির্দেশে মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো: আবদুল খালেক গত বৃহস্পতিবার তাহাকে এই বরখাস্তের আদেশ দেন।

অভিযোগে প্রকাশ, উক্ত শিক্ষা কর্মকর্তা সম্প্রতি খুলনা শহরে প্রায় অর্ধ কোটি টাকা ব্যয়ে একটি অট্টালিকা নির্মাণ করিয়াছেন। দুর্নীতির মাধ্যমে অর্জিত অর্থ দিয়া তিনি উহা নির্মাণ করেন। এব্যাপারে যশোর শিক্ষা বোর্ডের স্কুল পরিদর্শক অধ্যাপক আতিয়ার রহমান আট মাস পূর্বে তদন্তশেষে মন্ত্রণালয়ে রিপোর্ট দাখিল করিলে তাহাকে বান্দরবান জেলায় বদলী করা হয়। কিন্তু ঐ বদলীর আদেশ দীর্ঘদিনেও কার্যকর হয় নাই। বিষয়টি শিক্ষা মন্ত্রীর গোচরীভূত হওয়ার পর তাহার নির্দেশে শেষ পর্যন্ত উক্ত কর্মকর্তাকে সাসপেণ্ড করা হইয়াছে। এদিকে দুর্নীতি দমন ব্যুরো উল্লিখিত অভিযোগের তদন্ত করিতেছে বলিয়া জানা গিয়াছে।